দামুড়হুদা লোকনাথপুরে হাসুয়া দিয়ে স্ত্রী ও শ্বাশুড়িকে কোপালো জামাই

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুরে গ্রামে ধারালো হাসুয়া দিয়ে স্ত্রী ও শ্বাশুড়িকে কুপিয়ে আহত করেছে জামাই টিটু ড্রাইভার (৩০)। গতকাল বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে লোকনাথপুর গ্রামের মতিয়ার ড্রাইভার এর বাড়ির সামনে পাকা রাস্তার উপর এই ঘটনা ঘটে।

আহতরা হলেন স্ত্রী কবিতা খাতুন (২৫)। তিনি সুবল পুর গ্রামের আফসার আলীর মেয়ে। অপরজন হলেন শ্বাশুড়ি সালিমা খাতুন (৪০)। তিনি সুবলপুর গ্রামের মৃত ফকির মোহাম্মদ এর মেয়ে এবং আফসার আলীর স্ত্রী।

জানাগেছে শ্বশুর বাড়ির গরু বিক্রি করা টাকা নিয়ে বিরোধের সৃষ্টি করে তারই জের ধরে স্ত্রী ও শ্বাশুড়ী কে ধারালো হাসুয়া দিয়ে কুপিয়ে জখম করেছে উপজেলার লোকনাথপুর গ্রামের জামাই আকবর আলীর ছেলে টিটু ড্রাইভার। এ সময় স্থানীয়রা আহতদের উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ঘটনাস্থলে পুলিশ গিয়েছিল। কোনো অভিযোগ পাইনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।